শাহরুখ জানালেন নারীদের মন জয়ের মন্ত্র!

শাহরুখ খানের ভক্ত অনুরাগীদের সংখ্যা অগুনতি। তাদের মধ্যে নারীদের সংখ্যাই বেশি। কিন্তু নারীরা কেন তার এত ভক্ত? এর উত্তর দিয়েছেন কিং খান নিজেই।

শাহরুখ বলেন, “নারীরা কেন আমাকে পছন্দ করেন, আমি মনে হয় এর কারণটা বুঝে গিয়েছি। ৯, ১৬, ৬০, বা ৯০ সব বয়সের নারীর প্রতি আমার সম্মানবোধ প্রবল। মূলমন্ত্র হল, যে কোনো বয়সের নারীর সঙ্গেই আমার দেখা হোক না কেন, আমি তাদের এত সম্মান দিই যে সবাই আমাকে ভালোবেসে ফেলেন।”

নারীরা পুরুষদের কাছ থেকে অন্য সবকিছুর পাশাপাশি সম্মানটাই সবচেয়ে বেশি প্রত্যাশা করেন বলেও জানান শাহরুখ।

“আমি কিন্তু অনেক অনুষ্ঠানে মেয়েদের সঙ্গে মজার মজার গল্প করি, তাদের সঙ্গে গান গাই, নাচি-এটা তারা পছন্দ করেন। কিন্তু এগুলো আমাকে ব্যক্তি মানুষ হিসেবে পছন্দ করার মূল কারণ না এবং আমার চেহারার জন্যতো নয়ই। তাদের প্রতি আমার সম্মান প্রদর্শনই পছন্দের মূল কারণ বলে মনে করি আমি। সম্মান দিলে ভালোবাসা মেলে।”

এর আগে বিবিসি এক বিশ্লেষণে বলেছিল, দক্ষিণ এশিয়ার সেরা রোমান্টিক নায়ক বলা যেতে পারে শাহরুখকে। আশেপাশে দেখা প্রেমের সঙ্গে মেলানো যায় তার অভিনীত সিনেমাকে। সিনেমায় তার চরিত্র, নারী চরিত্রটির প্রতি আলাদা আবেগ নিয়ে চলে, যা অন্য বলিউড নায়কদের চরিত্রের বেলায় দেখা যায় না।